ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

নগর ভবন, ঢাকা।

www.dscc.gov.bd

## কারণ দর্শানোর জন্য ২য় নোটিশ

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগের অধীন নাজিরা বাজার মাতৃসদন কেন্দ্রের ওয়ার্ডবয় আপনি জনাব মোঃ সেলিম চাঁন (সাময়িকভাবে বরখাস্তকৃত) এর বিরুদ্ধে 'ঢাকা পৌর কর্পোরেশনের কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৮৯' এর বিধি ৩৯ (ক), (খ) ও (চ) অনুসারে যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও প্রতারণার দায়ে স্মারক সংখ্যা-৪৬.২০৭.০০০.০৩.০৩.১৯৭১.২০০৩-১০৯ তারিখ ঃ ০৯/০২/২০১৭ মাধ্যম বিভাগীয় মামলা (নং-৩/২০১৭) রুজু করা হয়;

যেহেতু, আপনি জনাব মো. সেলিম চাঁন এর বিরুদ্ধে এই মর্মে অভিযোগ উত্থাপিত হয় যে, গুলিস্থান ১নং কাপ্তান বাজার মার্কেটের নীচতলায় মাননীয় মেয়র এঁর কোটা হতে ৩ (তিন) টি দোকান বরাদ্দ পাওয়ার আশায় জনাব জাহান আলী (মো. মুকুল), পিতা- মৃত: মোহাম্মদ আলী, ঠিকানা: ৮/১, হোসনী দালান রোড বাগিচা, ঢাকা আপনাকে ১,৮০০,০০০/- (আঠার লক্ষ) টাকা প্রদান করেন। আপনি টাকা ফেরত প্রদান বা দোকান না দেয়ায় বিষয়টি সংশ্লিষ্ট ব্যক্তি তার খালু স্বাস্থ্য বিভাগ, অঞ্চল-১ এর জনাব কুটি মিয়াকে জানালে আপনি ৯০০,০০০/- (নয় লক্ষ) টাকার একটি চেক (নং-১২৫৭৪৭০ জনতা ব্যাংক লিমিটেড, নগর ভবন শাখা, ঢাকা) প্রদান করেন। কিন্তু জনাব জাহান আলী (মো. মুকুল) ব্যাংকে খোঁজ নিয়ে দেখেন যে, আপনার একাউন্টে কোন টাকা নেই। পরবর্তীতে তিনি আপনাকে অনেকবার তাগাদা দেওয়া সত্ত্বেও টাকা দিচ্ছেন না, এমন কি সন্ত্রাসী লোক দ্বারা জনাব কুটি মিয়াকে মেরে ফেলার হুমকি দিচ্ছেন।

যেহেতু, উপর্যুক্ত অভিযোগের প্রেক্ষিতে আপনার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগ তদন্তের জন্য কর্পোরেশন নিযুক্তীয় তদন্তকারী কর্মকর্তা আপনাকে দোষী সাব্যস্ত করে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেছেন যে, বাংলাদেশ পুলিশের ক্রিমিনাল ইনভেস্টিগেশন ডিপার্টমেন্টের ফরেনসিক ল্যাবরেটরির প্রতিবেদনে বর্ণিত চেক (নম্বর-১২৫৭৪৭০, নগর ভবন, ঢাকা) এর স্বাক্ষরের সাথে জনাব সেলিম চাঁনের নমুনা স্বাক্ষরসমূহের মিল রয়েছে মর্মে প্রতিবেদনের সিদ্ধান্তে উল্লেখ করা হয়েছে। এছাড়া, জনতা ব্যাংক লিমিটেড, নগর ভবন কর্পোরেট শাখার প্রতিবেদন অনুযায়ী অপর্যাপ্ত তহবিলের জন্য বিগত ৩১/১০/২০১৬ ও ২৪/১১/২০১৬ তারিখে চেকটি ফেরত (Dishonour) ফেরত আসে মর্মে দেখা যায়।"

যেহেতু আপনার বিরুদ্ধে একই অভিযোগে Criminal Revision No.3447/2017 (Arising Out of Sessions Case No.516/2017 arising out of C.R. Case No. 06/2017. Additional Metropolitan Session Judge 2nd Court, Dhaka) মামলায় বিজ্ঞ আদালত এই মর্মে আদেশ দেন যে, "মো. সেলিম চাঁন (পলাতক), পিতা-মৃত মোঃ সামসুল হক, ঠিকানা-১৫/২, আগাসাদেক রোড, পোঃ-জিপিও-১০০০, থানা-কোতয়ালী, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা। এবং বর্তমান ঠিকানা-ওয়ার্ডবয়, নাজিরা বাজার মাতৃসদন হাসপাতাল, ৩৪নং ওয়ার্ড, নাজিরা বাজার, থানা-বংশাল, ঢাকা এর বিরুদ্ধে Negotiable Instruments Act. 1881 এর ১৩৮ ধারায় আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আসামিকে আনীত অভিযোগের ধারায় দোষী সাব্যস্ত করে ০২ (দুই) মাসের বিনাশ্রম কারাদন্ড এবং চেকে বর্ণিত টাকা অর্থাৎ ৯,০০,০০০/=(নয়লক্ষ) টাকা অর্থদন্ড প্রদান করা হলো। অর্থদন্ডের অর্থ হতে আদায়কৃত টাকা অর্থাৎ তর্কিত চেকে বর্ণিত ৯,০০,০০০/=(নয়লক্ষ) টাকা অভিযোগকারী বাদী, চেকের বাহক প্রাপ্ত হবেন। অত্র মামলার বরাতে এই আসামির হাজতবাস (যদি থাকে) তার কারাদন্ডের মেয়াদ থেকে বাদ যাবে। বিধি মোতাবেক পলাতক আসামির বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানাসহ সাজা পরোয়ানা ইস্যু করা হোক। আসামী পলাতক থাকায় তার উপর আরোপিত দন্ডাদেশ আসামির গ্রেফতার কিংবা স্বেচ্ছায় আত্মসমর্পন করার তারিখ হতে গণনা করা হবে।"

সেহেতু, 'ঢাকা পৌর কর্পোরেশনের কর্মচারি চাকুরী বিধিমালা, ১৯৮৯' এর ৪০ (১) এর ঈ মোতাবেক আপনাকে অত্র কর্পোরেশনের চাকুরি হতে কেন বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করা হবে না- তার কারণ এ ২য় নোটিশ প্রাপ্তির ৭(সাত) কার্য দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

২৯.১০.২০১৭

প্রধান নির্বাহী কর্মকর্তা

ফোনঃ ৯৫৬৩৫১০

জনাব মো. সেলিম চাঁন (সাময়িকভাবে বরখাস্তকৃত)
ওয়ার্ডবয়, নাজিরা বাজার মাতৃসদন কেন্দ্র।

**স্থায়ী/বর্তমান ঠিকানা ঃ**
জনাব মো. সেলিম চাঁন (সাময়িকভাবে বরখাস্তকৃত)
৪২, সিক্কাটুলী লেন, থানা-কোতয়ালী, জেলা-ঢাকা।

স্মারক সংখ্যা-৪৬.২০৭.০০০.০৩.০৩.১৯৭১.২০০৩-৮৮৫ তারিখ ঃ ২৯/১০/২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
২। মেয়রের একান্ত সচিব (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য), ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। জনসংযোগ কর্মকর্তা (নোটিশটি বহুল প্রচারিত ২টি বাংলা ও ১টি ইংরেজী জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য), ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৬। সিস্টেম এনালিস্ট (ডিএসসিসি বাতায়নে প্রকাশের জন্য), ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৭। উপ-পরিচালক কাম-পরামর্শক (গাইনী), নাজিরা বাজার মাতৃসদন কেন্দ্র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৮। সহকারী সচিব, সাধারণ প্রশাসন শাখা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, [নোটিশটি অভিযুক্ত কর্মচারীর স্থায়ী/বর্তমান ঠিকানায় রেজিস্ট্রি ডাকযোগে (এডি সহ) প্রেরণসহ সংশ্লিষ্টদের বরাবর জারীর ব্যবস্থা গ্রহণের জন্য)।
৯। অফিস কপি (ব্যক্তিগত নথি নম্বর-১৯৭১/সং-৩, তারিখ-১৯/০৫/২০০৩ খ্রি.)।

২৯/১০/১৭

(মার্জিয়া বেগম)

সহকারী সচিব, সংস্থাপন শাখা-৩

P

২৮/১০/১৭

প্রাপ্তি আইসিটি সেল

তারিখঃ-২৯/১০/১৭